



বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট
সরেজমিন উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য ভারী বৃষ্টিপাত ও আকস্মিক বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগ এবং হাওর এলাকার জন্য)

বুলেটিন নং ১১৫

প্রকাশের তারিখ: ০৩/০৫/২০২৬

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সতর্কবার্তা (০২.০৫.২০২৬) অনুযায়ী ০২ মে দুপুর ০১টা থেকে পরবর্তী ৪৮ ঘণ্টায় ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে। এছাড়াও বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস (৩০.০৪.২০২৬) অনুযায়ী ৩০ এপ্রিল হতে ০৭ মে সামগ্রিকভাবে উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকা ও তসংলগ্ন উজানে সম্ভাব্য ভারী বৃষ্টিপাতের ফলে হাওর অববাহিকার প্রধান নদীসমূহ (সুরমা-কুশিয়ারা, ধনু-বাউলাই ও ভুগাই-কংস) এবং অন্যান্য উপ-নদীসমূহের পানি সমতল সপ্তাহের প্রথম ভাগে বৃদ্ধি পেয়ে নেত্রকোনা জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে এবং সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। তবে সপ্তাহের শেষ ভাগে বন্যা পরিস্থিতির সার্বিক উন্নতি হতে পারে।

ভারী বৃষ্টিপাত ও আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দন্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- ২। দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন খানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৪। জমির আইল উঁচু করে দিন।
- ৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৭। বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- ৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।

০৩/০৫/২০২৬

(উর্মা আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে